Bangladesh

# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-০৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

MUJIB 100

স্মারক নং পসব্য/প্রকা/হিসাব-৩৭/২০২১-২২/৪৬২ তারিখঃ ০৭/০৯/২০২১খ্রিঃ

ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
সকল শাখা

বিষয়: পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণের শ্রেণীবিন্যাস সংক্রান্ত নীতিমালা, ২০২১।

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পল্লী সঞ্চয় ব্যাংকে আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে ঋণের মান নির্ধারণ ও যথাযথ তদারকির জন্য ঋণ শ্রেণীবিন্যাস সংক্রান্ত একটি নীতিমালা পরিচালনা বোর্ডের ৩১-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত ৬৯তম সভায় অনুমোদন করা হয়েছে। উক্ত নীতিমালাটি বাস্তবায়নের নিমিত্তে পরবর্তী ব্যাবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৭.৯.২১
(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃসচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

সংযুক্ত: ০৩(তিন) পাতা

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ**

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
২। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩। সকল উপজেলা নির্বাহী অফিসার।
৪। জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সকল জেলা কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
৫। নিরীক্ষা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক।
৬। নথি।

# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

## পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণের শ্রেণীবিন্যাস সংক্রান্ত নীতিমালা, ২০২১

একটি বাড়ি একটি খামার প্রকল্প যার বর্তমান নাম আমার বাড়ি আমার খামার প্রকল্প এর কার্যক্রম ২০০৯ সালে শুরু হয়েছে। প্রকল্পে ৩০ জুন, ২০২১ তারিখে বিলুপ্ত হয়ে প্রকল্পে গঠিত ১,২০,৩২৫টি গ্রাম সমিতির ৫৬.৭৭ লক্ষ সদস্যের দায় ও সম্পদ পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর হয়েছে। প্রকল্প হতে প্রদত্ত ঋণের বিপরীতে কোন সহায়ক জামানত নেয়া হয়নি। এ ছাড়াও প্রকল্পে ঋণের মাণ নির্ধারণের ক্ষেত্রে কোন নীতিমালা গ্রহণ করা হয়নি। আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে ঋণের মান নির্ধারণ ও যথাযথ তদারকি অনস্বীকার্য। পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণ শ্রেণীবিন্যাস সংক্রান্ত নীতিমালা পরিচালনা বোর্ডের ৩১-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত ৬৯ তম সভায় অনুমোদিত হয়েছে। নীতিমালা নিম্নরূপঃ

০২. পল্লী সঞ্চয় ব্যাংকে বর্তমানে চালুকৃত ঋণসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | বিবরণ | ঋণের সিলিং (সর্বোচ্চ) | ঋণ পরিশোধের সময়কাল (সর্বোচ্চ) | সুদের হার | ঋণ পরিশোধের মেয়াদকাল |
|---|---|---|---|---|---|
| ১. | মাইক্রোক্রেডিট (ক্ষুদ্র ঋণ) | ১ লক্ষ টাকা | ১ বছর | ৮% | স্বল্প মেয়াদী (১২ মাসে পরিশোধযোগ্য) |
| ২. | শস্য গোলা ঋণ | ৩০ হাজার টাকা | ৬ মাস | ৫% | |
| ৩. | মাইক্রোক্রেডিট (ফরেস্ট) | ১ লক্ষ টাকা | ১২ মাস (৬ মাস গ্রেস পিরিয়ড) | ৫% | |
| ৪. | এসএমই ঋণ | ২.৫০ লক্ষ টাকা | ১২ মাস (৬ মাস গ্রেস পিরিয়ড) | ৫-৮% | |
| ৫. | কর্মসৃজন ঋণ (সরকারের প্রনোদনা প্যাকেজের আওতায়) | ৫০ হাজার টাকা | ১২ মাস (৬ মাস গ্রেস পিরিয়ড) | ৫% | |
| ৬. | পল্লী এম্বুলেন্স ঋণ | ২.৫০ লক্ষ টাকা | ৩০ মাস | ৮% | ৩০ মাসে পরিশোধযোগ্য (মধ্য মেয়াদী) |

০৩. অত্র ব্যাংকে বর্তমানে মেয়াদী ও স্বল্প মেয়াদী ঋণ চলমান আছে যা নিম্নরূপঃ

| ক্রঃ নং | ঋণের মেয়াদকাল | মন্তব্য |
|---|---|---|
| ক. | পরিশোধের সময়কাল সর্বোচ্চ ১২ মাস | স্বল্প মেয়াদী |
| খ. | ১২ মাসের তদুর্ধ্ব কিন্তু ৩০ মাসের কম | মেয়াদী |

০৪. ঋণ শ্রেণীকরণের বিভাজন ও পদ্ধতি:

৪.১. ঋণসমূহ শ্রেণীবিন্যাসকরণ:

A. অশ্রেণীকৃত ঋণ:
- (i) স্ট্যান্ডার্ড (Standard)
- (ii) স্পেশাল মেনশন একাউন্ট (Special Mention Account)

B. শ্রেণীকৃত ঋণ:
- (i) নিম্নমান (Sub-Standard (SS)
- (ii) সন্দেহজনক (Doubtful (DF)
- (iii) কু-ঋণ (Bad and Loss (BL)

৪.২. ঋণের শ্রেণীবিন্যাস ও প্রভিশনের হার:

| ক্রঃ নং | ঋণের ধরন ও পরিমাণ | ঋণের মেয়াদ | অপরিশোধিত কিস্তি/ সময়কাল | শ্রেণীবিন্যাসের স্তর | প্রভিশনের হার | জামানত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১) | স্বল্প মেয়াদী/ক্ষুদ্র ঋণ (মাইক্রো ক্রেডিট) | সর্বোচ্চ ১২ মাস | (i) ১২ মাস পর্যন্ত সময় | অশ্রেণীকৃত (Un-classified) | ০ | ঋণ গ্রহীতার সঞ্চয় ও অন্যান্য জামানত লিয়েনকৃত। | - |
| | | | (ii) ১২ মাস তদুর্ধ্ব কিন্তু ১৮ মাস পর্যন্ত | অশ্রেণীকৃত (SMA) | ০ | | - |
| | | | (iii) ১৮ মাস তদুর্ধ্ব কিন্তু ৩৬ মাস পর্যন্ত | নিম্নমান (Sub-Standard) | ১% | | স্থগিত সুদ ও গ্রহণযোগ্য জামানতের অতিরিক্ত দায়ের বিপরীতে প্রভিশন সংরক্ষণ করতে হবে। |
| | | | (iv) ৩৬ মাস তদুর্ধ্ব কিন্তু ৬০ মাস পর্যন্ত | সন্দেহজনক (Doubtful) | ২% | | |
| | | | (v) ৬০ মাস উর্ধ্ব সময় | মন্দ (Bad and Loss) | ১০০% | | |
| ২) | মধ্য মেয়াদী ঋণ। | ৩০ মাস | (i) ২ মাসের কম সময় | অশ্রেণীকৃত (Standard) | ০ | ঋণ গ্রহীতার সঞ্চয় ও অন্যান্য জামানত লিয়েনকৃত। | - |
| | | | (ii) ২ মাস ও তদুর্ধ্ব কিন্তু ৬ মাসের কম | স্পেশাল মেনশন একাউন্ট (SMA) | ০ | | - |
| | | | (iii) ৬ মাস ও তদুর্ধ্ব কিন্তু ১৮ মাসের কম | নিম্নমান (Sub-Standard) | ১% | | স্থগিত সুদ ও গ্রহণযোগ্য জামানতের অতিরিক্ত দায়ের বিপরীতে প্রভিশন সংরক্ষণ করতে হবে। |
| | | | (iv) ১৮ মাস ও তদুর্ধ্ব কিন্তু ৩০ মাসের কম | সন্দেহজনক (Doubtful) | ২০% | | |
| | | | (v) ৩০ মাস ও তদুর্ধ্ব সময় | মন্দ (Bad and Loss) | ১০০% | | |

৪.৩. যোগ্য জামানত (Elegible Collateral):

- 100% of deposit under lien against the loan.
- -100% of the value of government bond/savings certificate under lien.
- 100% of the value of guarantee given by Government of Bangladesh Bank.
- 100% of the market value of gold or gold ornaments pledged with the bank.
- 50% of the market value of easily marketable commodities kept under control of the bank.
- -Maximum 50%of the market value of land and building mortgaged with the bank.
- -50% of the average market value for last 06 months or 50% off the face value whichever is less, of the shares traded in stock exchange.

৪.৪. যোগ্য জামানতের বাজার মূল্য নিরুপণের নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সর্বশেষ মূল্যায়নকৃত মূল্যকে বাজারমূল্য হিসেবে বিবেচনা করতে হবে।

৪.৫ স্বল্প মেয়াদী/ক্ষুদ্র ঋণ (মাইক্রো ক্রেডিট) ও Fixed Term Loan (Cottage, Micro and Small industries/ project/ Business) এর অনুকূলে বিতরণকৃত ঋণের কোন কিস্তি বা কিস্তির অংশ বিশেষ নির্ধারিত সময়ের মধ্যে আদায় না হলে Past due/Overdue নির্ধারণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণের তারিখের সাথে ৬ মাস যোগ করতে হবে। (বিআরপিডি সার্কুলার নং ১৪/২০১২ ও ০৩/২০১৯)।

৪.৬ শ্রেণীকৃত ঋণের সুদ হিসাবায়ন (বিআরপিডি সার্কুলার নং ১৪/২০১২):

(i) যে ঋণ নিম্নমান ও সন্দেহজনক হিসেবে শ্রেণী বিন্যাসিত হবে সেই ঋণের সুদ আয় খাতে নেয়া যাবেনা। ঐ সুদ "স্থগিত সুদ" খাতে রাখতে হবে।

(ii) কু-ঋণ হিসেবে শ্রেণীবিন্যাসিত ঋণের সুদ আরোপ করা বন্ধ থাকবে।

(iii) শ্রেণীবিন্যাসিত ঋণ বা ঋণের অংশ আদায় হলে তা স্থগিত সুদ খাত হতে আয় খাতে নিতে হবে।

৪.৭. শ্রেণীকৃত ঋণ রিপোর্টিং (বিআরপিডি সার্কুলার নং ১৪/২০১২):

(i) মেয়াদী ঋণের ক্ষেত্রে: সিএল ফরম নং ৪।

(ii) স্বল্প মেয়াদী ক্ষেত্রে: সিএল ফরম নং ৫ ।

(iii) সিএল ৪ এবং ৫ এর সার-সংক্ষেপ সিএল -১ এ প্রতিফলিত হবে।

৪.৮. বিশ্রেণীকরণ: দায় পরিশোধের মাধ্যমে ঋণের মানোন্নয়ন ও বিশ্রেণীকরণ করতে হবে।

৪.৯. প্রভিশন সংরক্ষণ: বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক বার্ষিক হিসাব সমাপণীতে যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করতে হবে। শ্রেণীকৃত ঋণের অনাদায়ী স্থিতি থেকে স্থগিত সুদ (যদি থাকে) ও যোগ্য জামানতের মূল্য বিয়োগ দিয়ে Base for Provision নির্ণয় করতে হবে।

৪.১০. প্রতি ত্রৈমাসিকে ঋণ শ্রেণীবিন্যাস করতে হবে এবং বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক যথাসময়ে ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী প্রেরণ করতে হবে।

৫. উপরোক্ত নীতিমালা পরিচালনা বোর্ড সময় সময় পরিবর্তন/পরিবর্ধন করতে পারবে।

৬. পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা যথাযথভাবে পরিপালনের জন্য সকলকে পরামর্শ প্রদান করা হলো।

৭.৯.২১

(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃসচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক